

## ৫.১ হাটবাজারের চান্দিনাভিটি একসনা লিজ বা ব্যবহারের অনুমতি প্রদান:

### সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

উপজেলা ভূমি অফিসে আবেদনপ্রাপ্তির পর তা সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সরজমিনে তদন্ত ও রেকর্ডপত্র যাচাই এবং আবেদনকারীর কাগজপত্র সঠিক পাওয়া গেলে স্ক্যাচ ম্যাপসহ প্রতিবেদন দাখিল করেন। উপজেলা ভূমি অফিসের কানুনগো/সার্ভেয়ারের মতামত গ্রহণের পর সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক পরীক্ষান্তে ও প্রয়োজনে পুনরায় সরেজমিন যাচাই অন্তে মতামতসহ প্রস্তাব অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার প্রাপ্ত প্রস্তাব পরীক্ষান্তে মতামতসহ একসনা প্রস্তাব অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর প্রেরণ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক প্রস্তাব উপস্থাপন এবং জেলা প্রশাসক কর্তৃক তা অনুমোদনপূর্বক অনুমোদিত প্রস্তাব উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা হয়ে থাকে। অতঃপর লিজমানি আদায় করে চান্দিনাভিটি একসনা লিজ বা ব্যবহারের অনুমোদন প্রদান হয় এবং লিজ গ্রহীতার সঙ্গে নির্ধারিত ফরমেটে স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের পর নথি সংরক্ষণ করা হয়ে থাকে।

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ৪৫-৬০ দিন

### প্রয়োজনীয় ফি:

- ১। আবেদন ফি- ২০/- টাকা; ২। প্রসেস জারি ফি-৫০/- টাকা।
- প্রতি বর্গমিটার (অনুমোদনের পর লিজ মানির পরিমাণ)-**
- ১। সিটি কর্পোরেশন ও বিভাগীয় সদরভুক্ত এলাকায়- ২০০০/- টাকা;
- ২। জেলা সদর এলাকায় – ৫০০/- টাকা;
- ৩। জেলা সদর ব্যতিত পৌর এলাকায়- ২০০/- টাকা;
- ৪। উপজেলা সদর এলাকায় ১০০/- টাকা; এবং
- ৫। অন্যান্য ৫০/- টাকা।

**সেবা প্রাপ্তির স্থান:** উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

### দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:

- ১। জেলা প্রশাসক; ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব); ৩। উপজেলা নির্বাহী অফিসার; ৪। সহকারী কমিশনার (ভূমি);
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা

### প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদনপত্র;
- ২। হালনাগাদ ড্রেড লাইসেন্স;
- ৩। প্রয়োজনীয় ক্ষেত্রে অনাপত্তিপত্র এর কপি;
- ৪। NID-এর কপি;
- ৫। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৬। আবেদনকারীর ব্যবসায়িক সনদ।

### সেবা প্রাপ্তির শর্তাবলি:

- ১। জমি হাটবাজারের পেরিফেরিভুক্ত এবং অনুমোদিত চান্দিনাভিটি হতে হবে;
- ২। আবেদনকারীকে প্রকৃত ব্যবসায়ী হতে হবে;
- ৩। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে;
- ৪। একই পরিবারে একজনের বেশি আবেদন করতে পারবে না;
- ৫। একই পরিবারের অন্য কেউ এর পূর্বে চান্দিনাভিটি বন্দোবস্ত পেয়ে থাকলে আবেদন গ্রহণযোগ্য হবেনা;
- ৬। অর্ধ-শতকের বেশি জমি বন্দোবস্ত দেওয়া যাবে না

### সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। হাটবাজারের সরকারি খাস জমি বন্দোবস্ত সংক্রান্ত ১৯৯৫ সালের সার্কুলার;
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ১৯৯০;
- ৩। নির্ধারিত ফরমেটের চুক্তিনামা।

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:**

জেলা প্রশাসক।

